

## 100232 - কাউকে দেখতে যাওয়ার সময় হাদিয়া নিয়ে যাওয়া

### প্রশ্ন

কিছু কিছু অঞ্চলে একটি প্রথা আছে সেটি হলো কোন নারী যখন অন্য নারীদের সাথে দেখা-সাক্ষাৎ করতে যায় তখন সেই নারী তাদেরকে নগদ অর্থ কিংবা অন্য কোন হাদিয়া দেয়। আবার সেই নারীরা যখন এই নারীকে দেখতে আসে তখন তারাও তাকে নগদ অর্থ কিংবা অন্য কোন হাদিয়া দেয়। উল্লেখ্য, নগদ অর্থ কখনও সমান সমান হয়, কখনও বেশকম হয়। অনুরূপভাবে হাদিয়ার মূল্যও। এর হুকুম কি?

### প্রিয় উত্তর

এতে কোন অসুবিধা নেই।

এটি উপহার শ্রেণীয়। এটি বিনিময় শ্রেণীয় নয়। যখন সেই নারী তাদেরকে কিছু দেন, তারা সেটি গ্রহণ করে ও হস্তান্তর সম্পন্ন হয়ে যায় এরপর বিষয়টি তাদের ইচ্ছাধীন। তারা চাইলে তাকে কিছু দিতে পারে, চাইলে কিছু নাও দিতে পারে। চাইলে তারা এরচেয়ে কম মূল্যের কিছু দিতে পারে কিংবা এরচেয়ে বেশি মূল্যের কিছু দিতে পারে। যেহেতু এর মধ্যে কোন শর্ত নেই। এখানে কোন বিনিময় হচ্ছে না। বরং তাদের প্রত্যেকেই স্ব স্ব ইচ্ছাধীন। তাই এটি জায়েয। এতে কোন অসুবিধা নেই। আল্লাহই সর্বজ্ঞ।

শাইখ আব্দুল্লাহ্ বিন হুমাইদ এর ফতোয়াসমগ্র, পৃষ্ঠা-২২